

বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৫

তারিখঃ ১২-০৯-২০১৯খ্রিঃ

সভার নোটিশ

শুদ্ধাচার কৌশল সূচী বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সভা আগামী ১৬-০৯-২০১৯ খ্রিঃ, রোজ সোমবার, বেলাঃ ১১.০০ ঘটিকায় কমিটির সভাপতি সচিব, জনাব খালেদ মাহমুদ মহোদয়ের সভাপতিত্বে কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আমিনুল ইসলাম)
সংমণ্ডব্যঃ (অপাঃ) ও
সদস্য-সচিব, শুদ্ধাচার কৌশল

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সভাপতি।
- ০২। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৩। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৪। মহাব্যবস্থাপক (কার্গো সুপারভিশন ও অপাঃ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৫। মহাব্যবস্থাপক (বীমা ও দাবি), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৬। মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল/ডিপিএ ও সিএসও), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৭। মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৮। মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ০৯। মহাব্যবস্থাপক (অর্থ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১০। মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১১। মহাব্যবস্থাপক (হিসাব), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১২। মহাব্যবস্থাপক (চার্টারিং এন্ড ট্র্যাঙ্কিং), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১৩। মহাব্যবস্থাপক (দূঃপ্রাঃ/পএউ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১৪। উপ-মহাব্যবস্থাপক (এসএসএম), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
- ১৫। সচিব, ভবিষ্য তহবিল, বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।

অনুলিপিঃ

- ০১। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম- ব্যঃপঃ মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসসি, চট্টগ্রাম -উক্ত সভায় হালকা আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৭.

তারিখঃ ১৬-০৯-২০১৯খ্রিঃ

বিষয়ঃ- শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ১৬-০৯-২০১৯খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খালেদ মাহমুদ, সচিব
সভার তারিখ ও সময় : ১৬-০৯-২০১৯ খ্রিঃ বেলাঃ ১১.০০ঘটিকা
সভার স্থান : বিএসসি, কনফারেন্স রুম,
সভার উপস্থিত সদস্যবৃন্দের নাম তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন) গত সভার রেজুলেশন পাঠ করেন। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতা মান উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধির বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুযায়ী ২০১৮-২০১৯ খ্রিঃ ত্রৈমাসিক এ নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে।


০২। সভাপতি বলেন শুদ্ধাচার হলো নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতা, নীতি ও প্রথার প্রতি অনুগত থাকা। তিনি বলেন, রাষ্ট্রীয় আইন কানুন এর প্রতি শ্রদ্ধাশীল থেকে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করা, কাজ ফেলে না রেখে প্রতিদিনের কাজ যথাসম্ভব সম্পন্ন করাও হলো শুদ্ধাচারের অংশ। এ বিষয়ে তিনি জানান যে, জনগণের/সেবা প্রার্থীদের অহেতুক হয়রানি না করে সকলকে যথাসময়ের মধ্যে সেবা/সার্ভিস প্রদানের মানসিকতা নিয়ে সকলের কাজ করা আমাদের দায়িত্ব। দুর্গতির বিষয়ে সকলকে স্বেচ্ছার হতে হবে এবং দুর্গতিমুক্ত দেশ গঠনে সরকারের সঙ্গে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

০৩। দপ্তর/সংস্থায় ই-ফাইলিং ব্যবহারের বিষয় নিয়ে আলোচনার সময় মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পত্তির হার পূর্বের তুলনায় কমে যাওয়ায় বিএসসি নৌপরিবহন মন্ত্রণালয়ে পূর্বের অবস্থানে নেই। তিনি সভার মাধ্যমে বিএসসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য অনুরোধ করেন। তিনি বলেন ই-ফাইলিং এই অগ্রগতি আমাদের অব্যাহত রাখতে হবে। ই-নথি ব্যবহারের ফলে নথি ব্যবস্থাপনায় অনেক স্বচ্ছতা এসেছে।

Y

০৪। শুদ্ধাচারের রূপকল্প হচ্ছে সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়। এ কারণে আমাদের সকলের আচরণগত শুদ্ধতা আনায়ণ করা প্রয়োজন। পাশাপাশি আইনগত ও বিধি মোতাবেক অফিসের সকল কর্মকান্ড পরিচালনার বিষয়ে সকলে সচেতন হতে হবে। এ বিষয়ে সভাপতি বলেন, বিএসসি'র প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়া। এ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচারের প্রতি সকলকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন।

০৫। পরিশেষে সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।


খালেদ মাহমুদ
সচিব
সভাপতি, নৈতিকতা কমিটি।

বিতরণঃ কমিটি সকল সদস্য।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

- ০১। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০২। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
- ০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।
- ০৪। অফিস কপি।